

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন-১ অধিশাখা
www.mha.gov.bd

নং-৪৪.০০.০০০০.০১৯.০২.০০৮.১৪- ২৮৩১

২৭ অগ্রহায়ণ, ১৪২৩
তারিখ: ১১ ডিসেম্বর, ২০১৬


প্রজ্ঞাপন

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৩ নভেম্বর, ২০১৬ তারিখের ০৫.০০.০০০০.১৩২.১৯.০২০.১৬-১০০৪ সংখ্যক প্রজ্ঞাপনের মাধ্যমে নিম্নবর্ণিত কর্মকর্তাকে প্রেষণে নিয়োগের জন্য এ মন্ত্রণালয়ে ন্যস্ত করায় পুনরাদেশ না দেয়া পর্যন্ত তার নামের পার্শ্ব উল্লিখিত হাইকমিশনে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সাংগঠনিক কাঠামোর অধীনে নবসৃষ্ট "পাসপোর্ট ও ভিসা" উইংয়ে প্রথম সচিব হিসেবে প্রেষণে নিয়োগ করা হলো।

কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর, পদবী ও কর্মস্থল	নিয়োগকৃত পদ, উইং এবং মিশনের নাম
জনাব আ ফ ম ফজলে রাব্বী (১৫২০৩) সিনিয়র সহকারী সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে ন্যস্তকৃত	প্রথম সচিব পাসপোর্ট ও ভিসা উইং, বাংলাদেশ হাইকমিশন লন্ডন, যুক্তরাজ্য

- ২। এ নিয়োগ ০৪(চার) বছর মেয়াদে এবং সংশ্লিষ্ট হাইকমিশনে যোগদানের তারিখ হতে কার্যকর হবে।
- ৩। সংশ্লিষ্ট হাইকমিশনে যোগদানের পূর্বে তাকে কূটনৈতিক মর্যাদা প্রদান করা হবে।
- ৪। তিনি সংশ্লিষ্ট মিশনে যোগদানের পূর্বে প্রথম সচিব এর দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে পরিচিতি লাভের নিমিত্ত স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত সিডিউল অনুযায়ী প্রশিক্ষণ গ্রহণ করবেন।
- ৫। প্রশিক্ষণকাল ও মিশনে গমনের পূর্ব পর্যন্ত সময়ের জন্য (অনধিক তিন মাস) তিনি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে নিয়োজিত থাকবেন।
- ৬। এ আদেশ তদানিন্তন সিএমএলএ সচিবালয়ের ০৯-১১-১৯৮৬ তারিখের আদেশ নং-৭১৬১/কমন/বাস্তবায়ন-৩ এর খ(৩)(গ) মোতাবেক উপর্যুক্ত কর্মকর্তার জন্য বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা পদ সৃজন/বেতন-ভাতাদি প্রদানের নির্দেশ হিসেবে গণ্য হবে।
- ৭। এ সংক্রান্ত ব্যয়ভার ২০১৬-২০১৭ অর্থ বছরের লন্ডন-৩-২২০৩-০০৬৫, যুক্তরাজ্য এর খাতে বরাদ্দকৃত বাজেট থেকে মিটানো হবে।
- ৮। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


২০/১২/১৬
(হাবিব মোঃ হালিমুজ্জামান)

উপসচিব

ফোনঃ ৯৫৭৪৫২৯

mha.bd.ad1@gmail.com

প্রাপক :


জনাব আ ফ ম ফজলে রাব্বী (১৫২০৩)
সিনিয়র সহকারী সচিব (প্রথম সচিব পদে নিয়োগের জন্য ন্যস্তকৃত)
স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

নং-৪৪.০০.০০০০.০১৯.০২.০০৮.১৪- ২৮৩৯/১ (৩৪)

২৭ অগ্রহায়ণ, ১৪২৩
তারিখ: ১১ ডিসেম্বর, ২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/অর্থ বিভাগ/বাণিজ্য মন্ত্রণালয়/অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৪। সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
- ৫। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়/প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়/বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। মান্যবর হাই কমিশনার, বাংলাদেশ হাই কমিশন, লন্ডন, যুক্তরাজ্য।
- ৭। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- ৯। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- ১০। উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা। পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ১১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
- ১২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
- ১৩। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ১৪। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।


(হাবিব হাঃ হালিমুজ্জামান)
উপসচিব